গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.ntrca.gov.bd

বিষয়: বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ এর সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ৪র্থ ত্রৈমাসিক প্রতিবেদন:

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ এর সেবা প্রদান প্রতিশ্রুতিতে নিম্নবর্ণিত সেবাসমূহের উল্লেখ রয়েছে:

**নাগরিক সেবা:**

১.শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তি প্রস্তুত করে এনটিআরসিএ ওয়েবসাইটসহ দুটি বাংলা ও একটি ইংরেজি দৈনিক পত্রিকায় প্রকাশ। অষ্টাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা বিজ্ঞপ্তি-২০২৩ বিগত ০২/১১/২০২৩ তারিখে এনটিআরসিএ ওয়েবসাইটসহ দুটি বাংলা ও একটি ইংরেজি দৈনিক পত্রিকায় প্রকাশ করা হয়েছে।

২.শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিষয়ভিত্তিক নতুন সিলেবাস প্রণয়ন ও হালনাগাদ করা হচ্ছে।

৩.শিক্ষক নিবন্ধন পরীক্ষার আবেদন অনলাইনে গ্রহণ করা হয়। অষ্টাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষার আবেদন গত ০৯/১১/২০২৩ থেকে ৩০/১১/২০২৩ তারিখ পর্যন্ত অনলাইনে গ্রহণ করা হয়।

৪.শিক্ষক নিবন্ধন পরীক্ষার আবেদন জমা প্রদানের বিষয়ে আবেদনকারিদের অভিযোগ নিষ্পত্তি যথাসময়ে করা হয়।

৫.শিক্ষক নিবন্ধন পরীক্ষায় প্রিলিমিনারি টেস্টের প্রবেশপত্র ওয়েবসাইট আপলোড ও এস এম এস এর মাধ্যমে অবহিত করা হয়।

৬.শিক্ষক নিবন্ধন পরীক্ষার প্রিলিমিনারি টেস্টের প্রবেশপত্র সম্পর্কে আবেদনকারিদের অভিযোগ নিষ্পত্তি করা হয়।

৭. অষ্টাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০২৩ এর প্রিলিমিনারী পরীক্ষা ১৫ মার্চ, ২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়েছে।

৮.শিক্ষক নিবন্ধন পরীক্ষার প্রিলিমিনারি টেস্টের ফলাফল যথাসময়ে প্রকাশ করা হয়।

৯.শিক্ষক নিবন্ধন পরীক্ষায় লিখিত পরীক্ষার প্রবেশপত্র প্রদান।

১০.শিক্ষক নিবন্ধন পরীক্ষায় লিখিত পরীক্ষার প্রবেশপত্র প্রাপ্তি/প্রদানে সমস্যা সৃষ্টি হলে এ বিষয়ে আবেদনকারিদের সহায়তা প্রদান করা হয়।

১১.শিক্ষক নিবন্ধন পরীক্ষায় লিখিত পরীক্ষার ফলাফল যথাসময়ে প্রকাশ করা হয়।

১২.শিক্ষক নিবন্ধন মৌখিক পরীক্ষার বিষয়ে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের এস এম এসের মাধ্যমে অবহিতকরণ।

১৩.শিক্ষক নিবন্ধন পরীক্ষায় মৌখিক পরীক্ষার প্রবেশপত্র সম্পর্কে আবেদনকারিদের অভিযোগ নিষ্পত্তি।

১৪.শিক্ষক নিবন্ধন পরীক্ষার চূড়ান্ত ফলাফল প্রকাশ। গত ২৮/১২/২০২৩ তারিখে সপ্তদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষার চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হয়।

১৫. শিক্ষক নিবন্ধন পরীক্ষার চূড়ান্ত ফলাফল প্রকাশের পর সমন্বিত জাতীয় মেধাতালিকা হালনাগাদকরণ।

১৬. শিক্ষক নিবন্ধন পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীদের নির্ধারিত সময়ের মধ্যে প্রত্যয়নপত্র প্রদান করা হয়।

১৭. শিক্ষক নিবন্ধন পরীক্ষা সংক্রান্ত যাবতীয় অভিযোগ নিষ্পত্তি।

১৮. শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের প্রত্যয়নপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে ডুপ্লিকেট প্রত্যয়নপত্র প্রদান।

১৯. শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সংশোধিত প্রত্যয়নপত্র প্রদান করা হয়।

২০. অষ্টাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০২৩ এর প্রিলিমিনারি পরীক্ষার ফলাফল গত ১৫ মে, ২০২৪ তারিখে প্রকাশিত হয়।

২১. অষ্টাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০২৩ এর লিখিত পরীক্ষা আগামী ১২ ও ১৩ জুলাই, ২০২৪ তারিখে অনুষ্ঠিত হবে।
২২. নিবন্ধনধারী আগ্রহী শিক্ষক প্রার্থীদের নিকট হতে অনলাইনে আবেদন (e-Application) গ্রহণ।
২৩. অনলাইনে আবেদন (e-Application) সংশ্লিষ্ট বিভিন্ন জিজ্ঞাসার জবাব।
২৪. মেধার ভিত্তিতে চূড়ান্তভাবে বাছাইকৃত প্রার্থীর তালিকা অনলাইনে (ই-রেজাল্ট) প্রকাশ করা হয়।
২৫. মেধার ভিত্তিতে চূড়ান্তভাবে বাছাইকৃত শিক্ষককে এবং প্রতিষ্ঠানকে অবহিতকরণ।
২৬. তথ্য অধিকার আইন-২০০৯ এর আওতায় নিয়মিত তথ্য প্রদান করা হয়।
২৭. তথ্য কেন্দ্র
২৮. গণসচেতনতা বৃদ্ধির জন্য প্রচারাভিযান অব্যাহত রয়েছে।
২৯. NTRCA কর্তৃক সুপারিশকৃত প্রার্থীর নিয়োগ না হওয়া সম্পর্কিত অভিযোগ নিষ্পত্তিকরণ।
৩০. শিক্ষক নিবন্ধন পরীক্ষার পরীক্ষক, প্রধান পরীক্ষক ও নিরীক্ষকদের সম্মানি EFT এর মাধ্যমে প্রেরণ করা হয়।

**প্রাতিষ্ঠানিক/দাপ্তরিক সেবা**

১. শিক্ষক নিয়োগের লক্ষ্যে এনটিআরসিএ কর্তৃক গৃহীত অনলাইন কার্যক্রমে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ই-রেজিস্ট্রেশন।
২. এনটিআরসিএ কর্তৃক ইস্যুকৃত নিবন্ধন প্রত্যয়নপত্রের সঠিকতা সম্পর্কে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও দপ্তরের চাহিদার প্রেক্ষিতে সনদ যাচাই প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড এবং হার্ডকপি ডাকযোগে প্রেরণ করা হয়।
৩. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে এন্ট্রি লেভেলে নিয়োগযোগ্য শূন্য পদের তালিকা সংগ্রহ।
৪. শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনে পাসওয়ার্ড পুনঃপ্রদান।
৫. শিক্ষক নিবন্ধন পরীক্ষা পরিচালনার ব্যয় বাবদ বরাদ্দকৃত অর্থ কেন্দ্রে প্রেরণ
৬. শিক্ষক নিয়োগের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান হতে চাহিদা (ই-রিকুইজিশন) গ্রহণ।
৭. প্রয়োজনে শিক্ষক নিয়োগের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত চাহিদা সংশোধন।
৮. সেবা ও সরবরাহ বিষয়ে বিল প্রদান।
৯. সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান থেকে বাছাইকৃত প্রার্থীর যোগদান সংক্রান্ত তথ্য সংগ্রহ।

**অভ্যন্তরীণ সেবা**

১. এনটিআরসিএ'র কর্মকর্তা/কর্মচারীদের বার্ষিক গোপনীয় অনুবেদন/চাকরি রেকর্ড ও ব্যক্তিগত নথি সংরক্ষণ।
২. কর্মকর্তা/কর্মচারীদের ছুটি বিষয়ক আবেদন নিষ্পত্তি।
৩. চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট অর্থবছরের যাবতীয় মালামাল সরবরাহ।
৪. ব্যক্তিগত কারণে বিদেশ ভ্রমণের অনুমতি প্রদান/অগ্রায়ন।
৫. প্রাপ্যতা/বিধি অনুযায়ী যানবাহন সেবা।
৬. সাধারণ ভবিষ্য তহবিল হতে প্রদেয় অগ্রিম প্রদানের অনুমতি ও মঞ্জুরী প্রযোজ্য ক্ষেত্রে অগ্রায়ন।
৭. কল্যাণ তহবিল হতে চিকিৎসা/জটিল রোগের চিকিৎসার ব্যয় মঞ্জুরীর আবেদনপত্র অগ্রায়ন।
৮. এনটিআরসিএ'র কর্মচারীগণের নিয়োগ/পদোন্নতি/শৃঙ্খলা/বদলি

উপরে উল্লিখিত সেবাসমূহ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ যথাসময়ে যথাযথভাবে পালন করছেন।

২৭/০৬/২০২৪

(প্রফেসর দীনা পারভীন)
উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন)
ও
সদস্য ও ফোকাল পয়েন্ট (সেবা প্রদান প্রতিশ্রুতি)
এন.টি.আর.সি.এ., ঢাকা